# এমপিওভুক্ত শিক্ষকদের বাড়িভাড়া ২-৩ হাজার টাকার প্রস্তাব পাঠাল শিক্ষা মন্ত্রণালয়

**সংবাদ অনলাইন রিপোর্ট**

: মঙ্গলবার, ০৭ অক্টোবর ২০২৫

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া ৫০০ টাকা বাড়ানোর সিদ্ধান্ত প্রত্যাখ্যাত হওয়ায় তা আরও বাড়ানোর প্রস্তাব করেছে শিক্ষা মন্ত্রণালয়।

মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা খালিদ মাহমুদ জানান, শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া ভাতা অন্তত দুই হাজার বা তিন হাজার টাকা করার প্রস্তাব অর্থ বিভাগে পাঠানো হয়েছে। পাশাপাশি চিকিৎসা ভাতা ৫০০ থেকে ১০০০ টাকা এবং কর্মচারীদের উৎসব ভাতা মূল বেতনের ৭৫ শতাংশ করার অনুরোধ জানানো হয়েছে।

গত ৩০ সেপ্টেম্বর অর্থ বিভাগ থেকে বাড়ি ভাতা ১০০০ টাকা থেকে ১৫০০ টাকা করার আদেশ জারি হয়। তবে শিক্ষকরা এ সিদ্ধান্ত প্রত্যাখ্যান করে মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়ি ভাড়া দেওয়ার দাবি জানিয়েছেন। দাবি

বাস্তবায়নে তারা আগামী ১২ অক্টোবর থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বর্তমানে প্রতি মাসে ১০০০ টাকা হারে বাড়ি ভাড়া দিতে সরকারের ব্যয় হয় প্রায় ৩৯ কোটি টাকা। নতুন প্রস্তাব বাস্তবায়িত হলে বছরে সরকারের ব্যয় কয়েক হাজার কোটি টাকায় পৌঁছাতে পারে বলে ধারণা করা হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয় আরও জানিয়েছে, বর্তমান চিকিৎসা ভাতা বাস্তবতার তুলনায় অপ্রতুল হওয়ায় সেটি দ্বিগুণ করার প্রস্তাবও দেওয়া হয়েছে।